



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং: ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/১০

তারিখ : ৩১/০১/২০২৪খ্রি:

বিষয়ঃ ২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র কেন্দ্র থেকে ডাউনলোড ও প্রিন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এসএসসি-২০২৪ খ্রি: পরীক্ষার কেন্দ্র সচিবগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁর কেন্দ্রের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান সমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র আগামী ০১/০২/২০২৪ খ্রি: তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিম্নোলিখিত পদ্ধতিতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে:

ধাপ ০১- বোর্ডের ওয়েবসাইট ([www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)) এ ভিজিট করতে হবে।

ধাপ ০২- বাম পার্শ্বের মেন্যু গুলোর মধ্যে থেকে Admit Card (SSC-2024) অপশনে ক্লিক করতে হবে।

ধাপ ০৩- Centre Code এবং Password লিখে login বাটনে ক্লিক করতে হবে।

ধাপ ০৪ - ডানপার্শ্বের ভিন্ন ভিন্ন Print বাটন থেকে প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই ৮০গ্রাম A4 সাইজ কাগজে প্রিন্ট দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার্থীর “অবশ্যই পালনীয় নির্দেশনাবলী (Student Instruction)” প্রত্যেক প্রবেশপত্রের উল্টো পাশে প্রিন্ট করতে হবে। Centre Code এবং Password লিখে login করার পর Student Instruction বাটন প্রদর্শিত হবে। প্রবেশপত্রে যেকোন ধরনের সমস্যা (ভুল,বিভ্রাট,সংখ্যাগত গরমিল) পরিলক্ষিত হলে ০৭/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রাপ্ত প্রবেশপত্র সহ পরীক্ষা শাখায় আবেদনের মাধ্যমে প্রবেশপত্র সংক্রান্ত জটিলতা নিষ্পত্তি করা যাবে। ০৮/০২/২০২৪ খ্রি: তারিখের পর এতদ সংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য হবেনা এবং সকল তথ্যাদি সঠিক আছে মর্মে বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। ১০/০২/২০২৪ খ্রিঃ থেকে বোর্ড এ ব্যাপারে দায়মুক্ত বলে গণ্য হবে।

প্রাপক-

কেন্দ্র সচিব

অত্র বোর্ডের আওতাধীন

সকল মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২৪ খ্রিঃ।

(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

Email : [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো;

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৩। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৪। প্রধান শিক্ষক, অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৬। অফিস কপি।